

ইবাইস ইউনিভার্সিটির সরকারী অনুমোদন লাভ.

গত ৬ আগস্ট "ইবাইস ইউনিভার্সিটি" বাংলাদেশ সরকারের কাছ থেকে অনুমোদন লাভ করেছে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত এই শিক্ষা প্রতিষ্ঠান ১৯৯৭ সালের শেষ দিকে দ্য আমেরিকান ইউনিভার্সিটি ইন লন্ডনের অনুমোদিত ক্যাম্পাস হিসাবে ঢাকাতে এর কার্যক্রম শুরু করে। ২০০০- সালে প্রস্টোন ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্র-এর অনুমোদন নিয়ে এর শিক্ষা কার্যক্রম আরও বিস্তৃতি লাভ করে। ছাত্রছাত্রীদের আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা প্রদানই ইবাইসের মূল অঙ্গীকার। বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে সরকারের অনুমোদন লাভের ফলে এই প্রতিষ্ঠান থেকে ছাত্রছাত্রীরা ডুয়েল ডিগ্রী অর্জন করতে পারবে। অর্থাৎ ইবাইস ইউনিভার্সিটির ডিগ্রীর পাশাপাশি কেবলমাত্র রেজিস্ট্রেশন ও গ্রাজুয়েশন ফী দিয়ে ছাত্রছাত্রীরা আরও একটি বিদেশী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী অর্জন করতে পারবে, যা তাদের আন্তর্জাতিক জব মার্কেটে প্রবেশে সহায়তা করবে। প্রতিষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন এর প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট জাকারিয়া লিঙ্কন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বাংলাদেশ সরকারের প্রাক্তন রাষ্ট্রদূত প্রফেসর এম মনিরুজ্জামান মিয়া ইবাইস ইউনিভার্সিটির উপাচার্য হিসাবে দায়িত্ব গ্রহণ করতে সম্মত হয়েছেন। -বিজ্ঞপ্তি।